কোটচাঁদপুরে প্রতিবন্ধী জহুরাকে হুইল চেয়ার ও চেক প্রদান

প্রতিবন্ধী জহুরাকে হুইল চেয়ার ও চেক তুলে দিলেন কোটচাঁদপুরের উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। আজ বৃহস্পতিবার সকালে তাঁকে এ সব দেয়া হয়।

সম্প্রতি প্রতিবন্ধী জহুরাকে নিয়ে বেশ কিছু পত্রিকা ও অনলাইন পোটালে সংবাদ প্রকাশিত হয়। তুলে ধরা হয় তাঁর জীবন জীবিকা ও তাঁর বাস্তব ছবি।

সংবাদটি দৃষ্টি গোচর হয় কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মের ওই সময় তিনি জহুরার সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

এরপেক্ষিতে আজ বৃহস্পতিবার সকালে জহুরাকে হুইল চেয়ার ও তাঁর বাসস্থান তৈরিতে চেক দেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জান্নাতুল মাওয়া, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, শিক্ষা কর্মকর্তা সাকি সালাম।

শৈলকুপায় চাঁদাবাজির অভিযোগে ছাত্রদল নেতা আটক

ঝিনাইদহের শৈলকুপায় পেঁয়াজ ব্যবসায়ীকে আটকে রেখে মারধর করে চাঁদাদাবির অভিযোগে বাবলু নামের এক ছাত্রদল নেতাকে আটক করেছে সেনাবাহিনী।

গতকাল বুধবার রাতে শৈলকুপা উপজেলার ভাটই বাজার এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত বাবলু ঝিনাইদহ জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক। সে উপজেলার ভগবাননগর গ্রামের মনছের আলীর ছেলে।

শৈলকুপা আর্মি ক্যাম্পের ক্যাপ্টেন শাকিব জানান, বুধবার রাতে ভাটই বাজারের পেঁয়াজ ব্যবসায়ী নারায়ণকে আটকে মারধর করে ৬ লাখ টাকা চাঁদা দাবী করে বাবলু। সেনাবাহিনীর টহল দল সেখানে উপস্থিত হয়ে জিম্মি অবস্থায় ব্যবসায়ী নারায়ণকে উদ্ধার করে এবং বাবলুকে আটক করে। পরে নারায়ণকে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে ও বাবলুকে শৈলকুপা থানায় সোপর্দ করে।

শৈলকুপা থানার ওসি সফিকুল ইসলাম চৌধুরী বলেন, এ ঘটনায় আহত নারায়ণের ভাই জয় ঘোষ বাদী হয়ে থানায় মামলা দায়ের করলে সেই মামলায় তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়।

ঝিনাইদহের আব্দুর রউফ ডিগ্রি কলেজের নবনিযুক্ত সভাপতিকে ফুলেল সংর্বধনা

ঝিনাইদহ সদর উপজেলার আব্দুর রউফ ডিগ্রি কলেজের গভর্নিং বডির নব নিযুক্ত সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নুকে কলেজের শিক্ষক-কর্মচারীদের পক্ষ থেকে ফুলেল সংর্বধনা প্রদান ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার (১০অক্টোবর) সকালে কলেজের হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ, গত ৭ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক আব্দুল হাই সিদ্দিক সরকার (ভারপ্রাপ্ত) স্বাক্ষরিত এক পত্রে এডহক কমিটির সভাপতি পদে এ্যাড. কামাল আজাদ পান্নু কে এবং বিদুৎসাহী সদস্য পদে মাও: শহিদুল ইসলাম কে মনোনিত করেন।

কলেজের অধ্যক্ষ জে এম রবিউল ইসলামের সভাপতিত্বে সংবর্ধনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নব নিযুক্ত সভাপতি ঝিনাইদহ সদর উপজেলা বিএনপি’র সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু।

এছাড়া আরও বক্তব্য রাখেন কলেজের প্রতিষ্ঠাতা সদস্য সাজ্জাদ হোসেন তপন, সাগান্না ইউনয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও সাগান্না

ইউনিয়ন বিএনপির সভাপতি আলাউদ্দীন আল মামুন, সাধুহাটী ইউনিয়ন বিএনপির সভাপতি খলিলুর রহমান, সাগান্না ইউনিয়ন বিিএনপির সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম বিশ্বাস, ডাকবাংলা বাজার কমিটির সভাপতি কামাল হোসেন প্রমূখ।

অনুষ্ঠান পরিচালনা করেন সাধুহাটী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম। এসময় কলেজের বিদুৎসাহী সদস্য শহিদুল ইসলাম, উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদারসহ কলেজের শিক্ষক-কর্মচারী ও স্থানীয় বিএনপির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপনী ও বেল্ট প্রদান

‘নারীদের আত্ম রক্ষার্থে কারাতে হোক অন্যতম হাতিয়ার’ এ শ্লোগানে ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপনী ও ২৬ তম বেল্ট প্রদান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৯ অক্টোবর) বিকালে উপ-শহর পাড়ার সোতোকান কারাতে দো’র প্রশিক্ষণ কেন্দ্রে এ প্রশিক্ষণের পরীক্ষা এবং বেল্ট প্রদান করা হয়।

সোতোকান কারাতে দো’র প্রতিষ্ঠতা পরিচালক কাজী আলী আহাম্মেদ লিকু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোতোকান কারাতে দো’র প্রথান উপদেষ্টা সাবেক অধ্যক্ষ মহাব্বত হোসেন টিপু, সহকারী অধ্যাপক শাহানুর আলম, প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকু। অনুষ্ঠান পরিচালনা করেন সোতোকান কারাতে দো’র পরিচালক মাহফুজুর রহমান বিপ্লব।

আলোচনা সভা শেষে পরীক্ষায় উর্ত্তীণদেও মাঝে সনদপত্র ও বেল্ট

প্রদান করা হয়। ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদাণ কারানো হয়। প্রশিক্ষণ প্রদান করেণ জাতীয় কারাতে প্রশিক্ষক মুহাম্মদ জসিম উদ্দিন।

ঝিনাইদহে বিদ্যুৎ স্পৃষ্টে যুবকের মৃত্যু

ঝিনাইদহ শহরের পৌর এলাকার ভুটিয়ারগাতী গ্রামে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে হাসান আলী মন্ডল (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ বুধবার (৯ অক্টোবর) দুপুরে ওই গ্রামের উত্তরপাড়ায় এ ঘটনাটি ঘটে। মৃত হাসান আলী মন্ডল একই গ্রামের সেলুন মন্ডলের ছেলে।

স্থানীয় মোফাজ্জেল হোসেন জানান, গ্রামের মতিয়ার মিয়ার বাড়ীর পাশে লম্বা কোটা দিয়ে কড়াইগাছ থেকে খড়ি ভাঙ্গছিলো। সেসময় ওই কোটা মেনলাইনের তারে লেগে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তার গায়ে আগুন ধরে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপালে নিয়ে যায়।

ঝিনাইদহ সদর হাসপাতালের চিকিৎসক ডাঃ নবী নেওয়াজ জানান, বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে হাসান আলী হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ শাহীন উদ্দীন এ তথ্য নিশ্চিত করে জানান, হাসানের পরিবারের লোকজন থানায় আসছে। এ ঘটনায় সদর থানায় একটি সাধারণ ডায়েরি হয়েছে।

ঝিনাইদহে র্যাবের অভিযানে হত্যা মামলার ৩ পলাতক আসামি গ্রেফতার

ঝিনাইদহের মহেশপুরে চাঞ্চল্যকর হত্যা মামলার ৩ পলাতক আসামিকে গ্রেফতার করেছে র্যাব-৬। গতকাল সোমবার রাত ১টার দিকে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে সংবাদ পেয়ে মহেশপুর থানার হত্যা মামলার এজাহারভুক্ত ৩ পলাতক আসাম কে উপজেলার ভালাইপুর এলাকা থেকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত হত্যা মামলার এজাহারভুক্ত ৩ পলাতক আসামীরা হলেন একই উপজেলার ভালাইপুর গ্রামের মাহাতাব বিশ্বাসের জেন্টু (৫০), কেসমত খাঁর ছেলে আবদার (৫২), এবং মৃত ইদবার খার ছেলে আলী হোসেন (৫৪)।

উল্লেখ, গত ১২ সেপ্টেম্বর রাতে মহেশপুর থানাধীন ১নং এসবিকে ইউনিয়নের ভালাইপুর গ্রামের তৌহিদুল ইসলাম এর বাড়িতে অজ্ঞাতনামা কয়েকজন চোর গরু চুরির উদ্দেশ্যে গিয়ে তৌহিদুল ইসলামকে আহত করে পালিয়ে যায়। এছাড়া একই রাতে তার প্রতিবেশী সুমন খান এর বাড়ি হতে দুইটি গরু চুরি হয়।

উক্ত চুরির ঘটনাকে কেন্দ্র করে আসামিরা হত্যা মামলার বাদীর স্বামী, মিঠু শেখ ছেলে রাশেদ শেখ (৩৮), ও ভিকটিমের চাচা মোঃ বজলুর রহমান এবং ভিকটিমের ছোট ভাই মোঃ রাজদুল ইসলাম শেখ দেরকে চোর সাব্যস্ত করে খুজতে থাকে। উক্ত তারিখ সকালে ভিকটিম বাড়ি হতে মটর সাইকেল যোগে খালিশপুর বাজারে যাওয়ার সময় মহেশপুর থানাধীন এসবিকে ইউনিয়নে ভালাইপুর গ্রামের রাহাতুল্লাহ সরদার মাধ্যমিক বিদ্যালয়ের সামনে ইটের সলিং রাস্তার উপর পৌঁছা মাত্রই আসামীগন একত্রিত হয়ে ভিকটিমের গাড়ি থামিয়ে মারার চেষ্টা করলে ভিকটিম ভয়ে দৌড়ে ভালাইপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে গেলে আসামীরা সেখানে গিয়ে ভিকটিমকে হত্যার উদ্দেশ্যে এলোপাতাড়ি ঘুষি, লাথি ও লাঠি দিয়ে মারতে থাকে। ভিকটিমের বাড়িতে হামলা ও ভাংচুর করে এবং বাড়ি থেকে ভিকটিমের চাচা ও ছোট ভাইকে মারতে মারতে ভালাইপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নিয়ে যায়। আসামিগন ভিকটিম ও ভিকটিমের চাচা এবং ছোট ভাইকে কাঠের বাটাম দিয়ে গুরুতর জখম করে। পরবর্তীতে ভিকটিম ও ভিকটিমের চাচা এবং ছোট ভাইকে মহেশপুর উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্সে চিকিৎসার জন্য নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক রাশেদ শেখকে মৃত ঘোষণা করেন।

এ ঘটনায় ভিকটিমের স্ত্রী বাদী হয়ে ঝিনাইদহ জেলার মহেশপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল আসামীদেরকে গ্রেফতারের লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা অব্যাহত রাখে। গ্রেপ্তারকৃত আসামীদেরকে ঝিনাইদহ জেলার মহেশপুর থানায় হস্তান্তর হয়েছে।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ উদ্বোধন

‘নারীদের আত্ম রক্ষার্থে কারাতে হোক অন্যতম হাতিয়ার’ এ শ্লোগানে ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ ও ২৬ তম বেল্ট পরীক্ষার উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে শহরের উপ-শহর পাড়ার সোতোকান কারাতে দো’র প্রশিক্ষণ কেন্দ্রে এ প্রশিক্ষণ উদ্বোধন করা হয়।

সোতোকান কারাতে দো’র প্রতিষ্ঠতা পরিচালক কাজী আলী আহাম্মেদ লিকু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, সিও’র নির্বাহী পরিচালক সামছুল আলম, এসএ টিভির ঝিনাইদহ প্রতিনিধি ফয়সাল আহমেদ, সোতোকান কারাতে দো’র পরিচালক মাহফুজুর রহমান বিপ্লব।

আলোচনা সভা শেষে দুই দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদাণ করবেন জাতীয় কারাতে প্রশিক্ষক মুহাম্মদ জসিম উদ্দিন। শেষ দিনে ২৬ তম কারাতের

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের শ্রমিক-কর্মচারীদের মানববন্ধন

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের অস্থায়ী শ্রমিক- কর্মচারীরা চাকুরী স্থায়ীকরনের দাবীতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) সকালে সুগার মিলের প্রশাসনিক ভবনের সামনে এ কর্মসূচি আয়োজন করে সুগার মিলের মৌসুমী শ্রমিক কর্মচারীরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে সুগার মিলে কর্মরত নানা বিভাগের দুই শতাধিক শ্রমিক কর্মচারী অংশ নেয়। ঘন্টা ব্যাপী চলা এই কর্মসূচীতে শ্রমিক নেতা নাজমুল ইসলাম, সাহেব আলী, ইদ্রিস আলী, আমিরুল ইসলাম, আলমগীর হোসেন, মতিয়ার রহমান, শাহার আলীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, যুগের পর যুগ মোচিকে কাজ করে গেলেও চাকুরী স্থায়ী করেনি কর্তৃপক্ষ। মৌসুমি ভিত্তিক বেতন পেলেও উৎসব, পার্বনে বোনাস পান না তারা। সারা বছরে মাত্র ৩ থেকে ৪ মাস বেতন পান তারা। যে কারণে মিলের ৩ শতাধিক শ্রমিক কর্মচারী মানবেতর জীবনযাপন করছে। তাই তাদের চাকুরী স্থায়ী করনের দাবী জানানো হয় কর্মসূচি থেকে।

ঝিনাইদহে কাবাডি ও দাবা প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসুচি ২০২৪-২৫ এর আওতায় ঝিনাইদহে কাবাডি, দাবা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। জেলা ক্রীড়া অফিস কর্তৃক আয়োজিত এ প্রতিযোগিতা গতকাল রোববার বিকালে জালালপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। কোটচাঁদপুরের জালালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ আক্তার জাহানের সভাপতিত্বে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান সহ অন্যান্য নেতৃবৃন্দ। উল্লেখ্য, কোটচাঁদপুর উপজেলার ৬টি স্কুল দুটি প্রতিযোগিতায় অংশগ্রহন করেন।

কোটচাঁদপুরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (৬ অক্টোবর) সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ শেষ অফির্সাস ক্লাব মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভুমি) জান্নাতুন মাওয়া সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মডেল থানা (তদন্ত) ওসি স্বপন কুমার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দৌড়া ইউনিয়ন

চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, কুশনা ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী, মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাব সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

সে সময় বক্তারা বলেন, জন্ম ও মৃত্যু নিবন্ধন এখন জাতীয় জীবনের এক গুরুত্বপূর্ণ অনষঙ্গ, বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে এবং নানারকম সেবা পেতে জন্ম ও মৃত্যু নিবন্ধন যেমন জরুরী তেমনি জাতীয় পরিচয় পত্র থাকা সব নাগরিকের জন্য বাধ্যতামূলক। এ ছাড়াও জন্ম মৃত্যু নিবন্ধনে বিশেষ ভুমিকা রাখায় ইউনিয়ন পরিষদ, সচিব ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্রেস্ট প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সাংবাদিক,উপজেলা প্রশাসনের কর্মকর্তা, ইউপি সদস্য, পরিষদের সচিব, গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য সহ নানা শ্রেণি পেশার মানুষ।